মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা

২০০৮-০৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তির বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-৫০১ তারিখঃ ০৭/০৭/২০০৮

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য শিক্ষা মন্ত্রণালয়ের ২৫/০৬/২০০৮ তারিখের শাঃ১১/১০(১২)/২০০২(অংশ)/৯৫৯ নং পত্রের নির্দেশের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত নীতিমালার ভিত্তিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাভুক্ত উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং কলেজসমূহে ২০০৮-০৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ছাত্র/ছাত্রী ভর্তি করতে হবে।

১। ভর্তির যোগ্যতা ও শাখা নির্বাচনঃ-

(১) ২০০৬, ২০০৭, ২০০৮ সনে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীন অনুষ্ঠিত এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষে এই নীতিমালার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে কোন কলেজে একাদশ শ্রেণীতে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

(২) বিদেশী কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর দফা (১) এর অধীন ভর্তির যোগ্য বিবেচিত হবে।

(৩) ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ শাখা নির্বাচন করতে পারবে, যথাঃ
(ক) বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি;
(খ) মানবিক শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি এবং
(গ) ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার যে কোন একটি।

২। প্রার্থী নির্বাচনের অনুসরণীয় পদ্ধতিঃ-

(১) ভর্তির জন্য কোন বাছাই বা ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না। কেবলমাত্র শিক্ষার্থীর এসএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তি করা হবে।

(২) ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট বিভাগীয় সদরের কলেজসমূহে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজের ৯০% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে এবং অবশিষ্ট ১০% আসন উল্লিখিত বিভাগীয় সদরের বাইরের (যে কোন অঞ্চলের জন্য) শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

(৩) বিভাগীয় শহর ব্যতীত অন্যান্য জেলা শহরের কলেজগুলোতে ৯০% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে এবং ১০% আসন জেলা সদরের বাইরের শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

(৪) দফা (২) ও (৩) এ উল্লিখিত ৯০% আসনে বিভাগীয় বা জেলা শহরের বাইরে কোন শিক্ষার্থী নির্বাচিত হওয়ার ক্ষেত্রে কোন বাধা থাকবে না এবং উক্ত নির্বাচন বিভাগীয় বা জেলা শহরের বাইরের শিক্ষার্থীদের জন্য নির্ধারিত সংরক্ষিত আসনকে প্রভাবিত করবে না।

(৫) (ক) GPA-5 প্রাপ্ত শিক্ষার্থীর ক্ষেত্রে সকল বিষয়ের উপর সর্বোচ্চ ৪৩ পয়েন্ট ধরে ক্রমান্বয়ে ৪০ পয়েন্ট প্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার ভিত্তিতে ভর্তির সুযোগ দিতে হবে। (৯ বিষয়ে জিপিএ ৫ হিসেবে ৯X৫=৪৫ পয়েন্ট হওয়ার কথা। কিন্তু চতুর্থ বিষয়ে ২ পয়েন্ট বাদ দেয়ার কারণে সর্বোচ্চ পয়েন্ট ৪৩ উল্লেখ করা হয়েছে)।

(খ) দফা (ক) এর বিধান সত্ত্বেও কেবলমাত্র বিজ্ঞান বিভাগে ভর্তির ক্ষেত্রে ৪০ পয়েন্ট প্রাপ্ত প্রার্থীগণের মধ্যে সমান পয়েন্ট অর্জনের বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে সাধারণ গণিত অথবা উচ্চতর গণিতে ০৫ পয়েন্ট প্রাপ্ত প্রার্থীদেরকে অগ্রাধিকার দিতে হবে।

(গ) দফা (খ) এর বিধান সত্ত্বেও যদি প্রার্থী বাছাইকল্পে উদ্ভূত সমস্যা নিরসন না হয়, তবে পর্যায়ক্রমে ইংরেজি, পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান ও জীববিজ্ঞানে অর্জিত পয়েন্ট বিবেচনায় আনতে হবে।

(ঘ) দফা (গ) এর বিধান সত্ত্বেও যদি প্রার্থী বাছাইকল্পে উদ্ভূত সমস্যা নিরসন না হয়, তবে বিশেষ সুবিধাপ্রাপ্ত প্রবাসী রেমিটারদের (বিদেশ থেকে অর্থ প্রেরক) সন্তানদের বিষয়টি বিবেচনায় আনতে হবে। এ ক্ষেত্রে রেমিটার সনাক্তকরণের স্বপক্ষে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় থেকে সংগৃহীত সনদপত্র আবেদনের সাথে সংযুক্ত থাকতে হবে।

(৬) উপ-অনুচ্ছেদ-৫ (ক) (খ) (গ) ও (ঘ) দফা পর্যায়ক্রমিকভাবে প্রয়োগের পরও যদি কোন কলেজে বিদ্যমান আসন সংখ্যা অনুযায়ী প্রার্থী বাছাই-এ উদ্ভূত সমস্যা সমাধান না হয় সে ক্ষেত্রে প্রার্থীর জন্ম তারিখ বিবেচনায় এনে বয়সক্রম অনুযায়ী যিনি জ্যেষ্ঠ তাকেই অগ্রাধিকার দিতে হবে। তবে প্রার্থীকে অবশ্যই নিয়মিত পরীক্ষার্থী হতে হবে।

(৭) এ নীতিমালায় যা কিছুই থাকুক না কেন স্কুল এন্ড কলেজের ক্ষেত্রে নিজস্ব প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ অগ্রাধিকার ভিত্তিতে ভর্তির সুযোগ পাবে।

৩। বিজ্ঞপ্তি, ভর্তি ও ফিঃ (১) অনুচ্ছেদ ৬ এর দফা (২) এর বিধান সাপেক্ষে, কলেজসমূহ উহাদের ভৌত অবকাঠামো ও শিক্ষক সংখ্যা অনুসারে স্ব স্ব কলেজের আসন সংখ্যা নির্ধারণ করে ভর্তি বিজ্ঞপ্তির পূর্বেই বোর্ডকে অবহিত করবে এবং বোর্ডসমূহ স্ব স্ব অধিক্ষেত্রে অবস্থিত কলেজসমূহে এই বিধানের ব্যত্যয় রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(২) বোর্ড কর্তৃক নির্ধারিত ফিসহ অনুমোদিত অন্যান্য সকল ফি, আসন সংখ্যা, ভর্তির যোগ্যতা ইত্যাদি উল্লেখপূর্বক কলেজ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কলেজের নোটিশ বোর্ডসহ বিজ্ঞপ্তি যথাযথভাবে প্রচারের মাধ্যমে ভর্তির জন্য প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করবে।

(৩) ব্যতিক্রমী ক্ষেত্রে, কোন কলেজের ভর্তির জন্য সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ ন্যূনতম যোগ্যতা নির্ধারণ করতে পারবে।

(৪) আবেদনপত্র প্রাপ্তির পর কোন কলেজ এ নীতিমালা অনুযায়ী উহার আসন সংখ্যার সমান সংখ্যক ভর্তিযোগ্য প্রার্থীদের একটি মেধাক্রম তালিকা এবং মোট আসন সংখ্যার ন্যূনতম ২৫% অপেক্ষমান মেধাক্রম তালিকা কলেজের নোটিশ বোর্ডে প্রকাশ করবে। মোট আসনে নির্বাচিত কোন প্রার্থী নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি না হলে কিংবা ভর্তির জন্য নির্ধারিত সময়ের মধ্যে অন্য কোন কারণে কোন আসন শূন্য হলে, উক্ত অপেক্ষমান তালিকা হতে মেধাক্রম অনুসারে শূন্য আসনে ভর্তি করতে হবে।

(৫) ভর্তির সময় প্রার্থীকে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র এবং যে শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রার্থী এসএসসি বা সমমানের পরীক্ষায় অবতীর্ণ হয়েছিল সেই শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক ইসুকৃত প্রশংসাপত্র দাখিল করতে হবে।

(৬) ভর্তিচ্ছুক প্রার্থীগণের নিকট হতে ভর্তির জন্য আবেদনপত্র ফরমের মূল্য বাবদ ১০.০০ (দশ) টাকা এবং ভর্তি ব্যবস্থাপনা ব্যয় নির্বাহের জন্য ৫০.০০ (পঞ্চাশ) টাকা অর্থাৎ ৬০.০০ (ষাট) টাকা গ্রহণ করা যাবে।

(৭) কোন শিক্ষার্থীর নিকট হতে অনুমোদিত ফি-এর অতিরিক্ত কোন অর্থ গ্রহণ করা যাবে না এবং অনুমোদিত সকল ফি যথাযথ রশিদ প্রদানের মাধ্যমে গ্রহণ করতে হবে।

(৮) ভর্তির সময় বোর্ড কর্তৃক অনুমোদিত অন্যান্য ফিসহ নিম্নোক্ত ফি (যদি থাকে) গ্রহণ করা হবে, যথাঃ

ক্রমিক নং	বিবরণ	পরিমাণ
১.	রেজিস্ট্রেশন ফি	৫০.০০
২.	ক্রীড়া ফি	২৫.০০
৩.	রোভার স্কাউট/গার্লস গাইড ফি	১০.০০
৪.	বিজ্ঞান ও প্রযুক্তি ফি	৭.০০
৫.	শাখা/বিষয় পরিবর্তন ফি	২৫.০০

তবে শর্ত থাকে যে, কোন শিক্ষার্থীর পাঠ বিরতি থাকলে এবং বিলম্বে ভর্তি হলে তার নিকট হতে উপরিউক্ত ফি-এর অতিরিক্ত নিম্নোক্ত ফি গ্রহণ করা যাবে, যথাঃ

ক্রমিক নং	বিবরণ	পরিমাণ
১.	পাঠ বিরতি ফি	১০০.০০
২.	বিলম্ব ভর্তি ফি	৫০.০০

৪। ভর্তি, ক্লাশ, শুরু, শাখা/বিষয় পরিবর্তন ইত্যাদিঃ- (১) ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষে ভর্তির জন্য নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করতে হবেঃ

ক্রমিক নং	বিষয়	তারিখ
ক.	বিলম্ব ফি ছাড়া ভর্তি ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	০৭/০৮/২০০৮
খ.	ক্লাশ শুরু করার তারিখ	০৯/০৮/২০০৮
গ.	বিলম্ব ফি ছাড়া ভর্তিকৃত শিক্ষার্থীগণের টট লিষ্ট, রেজিস্ট্রেশন ফি ও মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/মার্কশীট বোর্ডে জমা দেয়ার শেষ তারিখ	২১/০৮/২০০৮
ঘ.	বিলম্ব ফিসহ ভর্তি ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	১৭/০৮/২০০৮
ঙ.	বিলম্ব ফিসহ ভর্তিকৃত শিক্ষার্থীগণের টট লিষ্ট, রেজিস্ট্রেশন ফি ও মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/মার্কশীট বোর্ডে জমা দেয়ার শেষ তারিখ	২৮/০৮/২০০৮
চ.	ব্যবহারিক ক্লাশ শুরু করার তারিখ	০১/০৯/২০০৮
ছ.	শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শিক্ষার্থীর শাখা/বিষয় পরিবর্তনের ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	০৪/০৯/২০০৮
জ.	শাখা/বিষয় পরিবর্তনকারী শিক্ষার্থীর ব্যাংক ড্রাফটসহ তালিকা বোর্ডে প্রেরণের শেষ তারিখ	১১/০৯/২০০৮
ঝ.	পূরণকৃত এসআইএফ শিক্ষা বোর্ডে জমাদানের শেষ তারিখ	২৫/১১/২০০৮

(২) ২০০৮-২০০৯ পরবর্তী শিক্ষাবর্ষসমূহের এসএসসি পরীক্ষার ফল প্রকাশের অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) দিনের মধ্যে একাদশ শ্রেণীর ক্লাশ আরম্ভ করতে হবে এবং তদানুযায়ী শিক্ষা বোর্ডসমূহ দফা (১) অনুসরণে প্রয়োজনীয় অভিযোজনসহ আদেশ জারি করবে।

৫। **কলেজ পরিবর্তন ইত্যাদিঃ-**

(১) যদি কোন শিক্ষার্থী অনুচ্ছেদ ৩ এর বিধানমতে কোন কলেজে ভর্তি হওয়া সত্ত্বেও একই শিক্ষাবর্ষে অনুচ্ছেদ ৪ এর দফা (ঘ) অনুযায়ী সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত বিলম্ব ফিসহ ভর্তির শেষ তারিখের মধ্যে অন্য কোন কলেজে ভর্তির সুযোগ পান এবং উক্ত অন্য কলেজে ভর্তি হতে ইচ্ছুক হন, তাহলে উক্ত শিক্ষার্থী তার অভিভাবকের সম্মতিসহ সংশ্লিষ্ট কলেজে তার ভর্তি বাতিল করার জন্য আবেদন জানাতে পারবেন। উল্লিখিতরূপে আবেদন করা হলে সংশ্লিষ্ট কলেজ তার ভর্তি বাতিলপূর্বক জমাকৃত তার মূল একাডেমিক ট্যান্সক্রিপ্ট/নম্বরপত্র ফেরত দিবে (এ ক্ষেত্রে বোর্ডের অনুমতির প্রয়োজন নেই)।

(২) সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পূর্বানুমতি ছাড়া একাদশ শ্রেণীতে ভর্তিকৃত কোন ছাত্র/ছাত্রীর ছাড়পত্র ইস্যু করা যাবে না কিংবা বোর্ডের পূর্বানুমতি ছাড়া ইস্যুকৃত ছাড়পত্রের বরাতে ভর্তি করা যাবে না। তবে শুধুমাত্র সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীজীবী পিতা বা মাতার বদলীজনিত কারণে কোন ছাত্র/ছাত্রীর ছাড়পত্র ইস্যু করতে বা ভর্তি করতে বোর্ডের পূর্বানুমতি নেয়ার প্রয়োজন হবে না। এরূপ ক্ষেত্রে বদলীকৃত কর্মকর্তা/কর্মচারীর বদলীর আদেশপত্র প্রদর্শন করে প্রতিষ্ঠান হতে ছাড়পত্র নেয়া যাবে এবং নতুন কর্মস্থলে যোগদানপত্র দেখিয়ে সংশ্লিষ্ট চাকুরীজীবীর সন্তানকে বদলীকৃত কর্মস্থলে উপযুক্ত কোন প্রতিষ্ঠানে ভর্তি করা যাবে। এক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষকে এ ধরণের ভর্তিকৃত ছাত্র/ছাত্রী ভর্তির ১৫ (পনের) দিনের মধ্যে রেজিস্ট্রশন ফিসহ প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।

(৩) কোন শিক্ষা প্রতিষ্ঠান কোন অবস্থাতেই সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থীর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র উক্ত শিক্ষার্থী বা তার অভিভাবক বা তাদের অভিভাবক যে কোন একজনের নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তি বা শিক্ষা প্রতিষ্ঠানে হস্তান্তর করবে না বা অন্য কোন অজুহাতে কোন শিক্ষার্থীর একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র আটক রাখতে পারবে না।

৬। **অনুমতি বা স্বীকৃতিবিহীন কলেজে ভর্তি নিষিদ্ধঃ-**

(১) পাঠদানের প্রাথমিক অনুমতিবিহীন অথবা স্বীকৃতি বাতিলকৃত কোন কলেজে কোন অবস্থাতেই ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না।

(২) পাঠদানের প্রাথমিক অনুমতিপ্রাপ্ত অথবা স্বীকৃতিপ্রাপ্ত কোন কলেজে অননুমোদিত শাখা এবং অননুমোদিত কোন বিষয়ে ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না।

৭। **নীতিমালার প্রবর্তন ও প্রয়োগঃ-**

(১) দেশের সকল সরকারি বেসরকারি কলেজে ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণীতে ছাত্র/ছাত্রী ভর্তির ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে।

(২) এই নীতিমালায় যা কিছুই থাকুক না কেন অনুচ্ছেদ ১ এর দফা (১) এবং অনুচ্ছেদ ২ এর দফা (২), (৩) ও (৪) কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

(৩) এই নীতিমালার কোনরূপ ব্যত্যয় ঘটানো হলে বেসরকারি কলেজের ক্ষেত্রে পাঠদানে অনুমতি বা স্বীকৃতি বাতিলসহ কলেজটির এমপিওভুক্তি বাতিল করা হবে এবং সরকারি কলেজের ক্ষেত্রে সংশ্লিষ্ট অধ্যক্ষের বিরুদ্ধে শৃংখলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

আদেশক্রমে

প্রফেসর মোঃ সাদেকুর রহমান
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

জিডি-৩১৫৩

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
Bangladesh Power Development Board

নিরাপত্তা ও অনুসন্ধান পরিদপ্তর
বিদ্যুৎ ভবন (৪র্থ তলা)
১নং আব্দুল গণি রোড, ঢাকা
ফোনঃ ৭১২৬১৫৩, ৯৫৫১৩১৯, ৯৫৫৪১৪৬

স্মারক নং-৮০-বিউবো(নিঃঅনুঃ)/২০০৮/ তারিখঃ ৭/৭/২০০৮ইং

দরপত্র বিজ্ঞপ্তি

বেতনবাড়ি, অফিসার্স কলনী নিরাপত্তা প্রহরার জন্য প্রাইভেট সিকিউরিটি গার্ড এবং সিকিউরিটি সুপারভাইজার নিয়োগের লক্ষ্যে সরকার অনুমোদিত প্রকৃত বে-সরকারি নিরাপত্তা সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

১।	মন্ত্রণালয়/বিভাগের নাম	:	বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।
২।	সংস্থার নাম	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
৩।	নিয়োগকারী দপ্তরের নাম	:	নিরাপত্তা ও অনুসন্ধান পরিদপ্তর, বিউবো, ঢাকা।
৪।	যে কাজের জন্য দরপত্র আহবান করা হইয়াছে	:	বেতনবাড়ী, অফিসার্স কলনী নিরাপত্তা প্রহরার জন্য বে-সরকারি নিরাপত্তা কর্মী নিয়োগ/সরবরাহ।
৫।	প্রকিউরিং পদ্ধতি	:	খোলা দরপত্র।
৬।	বাজেট ও ফান্ডের উৎস	:	পূর্ত নির্মাণ বিভাগ-২, বিউবো, ঢাকা এর ২০০৮-২০০৯ অর্থ বৎসরের রাজস্ব বাজেট।
৭।	দরপত্র প্রচার/প্রকাশের তারিখ	:	০৮/৭/২০০৮ইং তারিখ হইতে ৩০/৭/২০০৮ইং তারিখ পর্যন্ত।
৮।	দরপত্র বিক্রয়ের শেষ তাং		৩০-০৭-২০০৮ইং তারিখ অফিস সময় পর্যন্ত।
৯।	দরপত্র গ্রহণ ও খোলার তারিখ এবং সময়	:	৩১/৭/২০০৮ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত দরপত্র গ্রহণ করা হইবে এবং ঐ তারিখ বেলা ১.৩০ ঘটিকায় উপস্থিত দরদাতা অথবা তাহাদের প্রতিনিধি (যদি কেহ উপস্থিত থাকেন) তাহাদের সম্মুখে খোলা হইবে।
১০।	ঠিকাদারের যোগ্যতা	:	শুধুমাত্র রেজিস্টার অব-জয়েন্ট ষ্টক কোম্পানীর নিবন্ধনকৃত প্রাইভেট নিরাপত্তা কর্মী সরবরাহকারী প্রতিষ্ঠান।
১১।	সিডিউল প্রাপ্তির যোগ্যতা	:	সিডিউল ক্রয়ের সময় নিম্নে বর্ণিত সনদপত্রের ফটোকপি এবং মূলকপি আবেদনপত্রের সঙ্গে দাখিল করিতে হইবে। ফটোকপি পরীক্ষান্তে মূলকপি ফেরত দেওয়া হইবে। ১। সর্বশেষ নবায়নকৃত সিটি কর্পোরেশন/পৌরসভা কর্তৃক ইস্যুকৃত বৈধ ট্রেড লাইসেন্স। ২। হালনাগাদ জিআইআর/টিআইএন সার্টিফিকেট এবং চলতি আয়কর পরিশোধ এর সার্টিফিকেট। ৩। ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট। ৪। ইনকর্পোরেশন সার্টিফিকেট। ৫। সিকিউরিটি গার্ড সরবরাহকারী হিসাবে ভ্যাট রেজিস্ট্রেশন সনদ। ৬। দরপত্রদাতার স্থায়ী ঠিকানায় প্রত্যায়নপত্র। ৭। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/ব্যাংক প্রতিষ্ঠানে কমপক্ষে ১ (এক) বৎসরের সিকিউরিটি গার্ড সরবরাহের অভিজ্ঞতাসহ কমপক্ষে ১০০ (একশত) জন নিরাপত্তা কর্মীর সরবরাহের কার্যাদেশ/চুক্তিপত্রের কপি। ৮। কোম্পানীর একটি টেলিফোন বিলের ফটোকপি আবেদনপত্রের সঙ্গে দাখিল করিতে হইবে।
১২।	দরপত্র সিডিউল বিক্রয় স্থান	:	পরিচালক, নিরাপত্তা ও অনুসন্ধান পরিদপ্তর, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন (২য় তলা), মতিঝিল বা/এ, ঢাকা বরাবরে আবেদনপূর্বক পরিচালকের অনুমতি স্বাপেক্ষে পরিদপ্তরের হিসাব শাখা বিদ্যুৎ ভবন (৪র্থ তলা), ১নং আব্দুল গণি রোড, ঢাকা হইতে সিডিউল ক্রয় করা যাইবে।
১৩।	দরপত্র সিডিউলের মূল্য	:	উপ-পরিচালক (হিসাব), কোয়াক, বিউবো, ঢাকা এর অনুকূলে লিখিত ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র মূল্যমানের পে-অর্ডার (অফেরতযোগ্য)।
১৪।	বায়নার টাকা	:	উপ-পরিচালক (হিসাব), কোয়াক, বিউবো, ঢাকা এর অনুকূলে লিখিত ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা মূল্যমানের আর্নেস্টমানি (ফেরতযোগ্য) সিডিউলের সাথে দাখিল করিতে হইবে। বায়না বিহীন দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
১৫।	দরপত্র জমা দেওয়া ও খোলার স্থান	:	পরিচালক, নিরাপত্তা ও অনুসন্ধান পরিদপ্তর, বিদ্যুৎ ভবন (৪র্থ তলা), ১নং আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।

এ কে এম জসিম উদ্দিন
পরিচালক
নিরাপত্তা ও অনুসন্ধান পরিদপ্তর
বিউবো, ঢাকা

বিদ্যুৎ/জন-০৯(৩)/০৯-০৭-০৮
জিডি-৩১৮৬

Bangladesh Gas Fields Co. Ltd.

(A Company of Petrobangla)
Head Office, Birashar
Brahmanbaria-3400
Bangladesh

গ্যাস জাতীয় সম্পদ। এর অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন।

শিল্পে প্রাকৃতিক গ্যাস। গৃহস্থালীতে বিকল্প জ্বালানি।

International Re-Tender Notice

1.	Ministry/Division	Ministry of Power, Energy & Mineral Resources/Energy & Mineral Resources Division.	
2.	Agency	Petrobangla.	
3.	Procuring entity	Bangladesh Gas Fields Company Limited (BGFCL).	
4.	Procuring entity district	Brahmanbaria.	
5.	Invitation Ref No.	Tender No. BGFCL/MATS(FP)/95(R-1) dated July 08, 2008.	
6.	Invitation for	Procurement of 02 Nos. Fire Fighting Vehicles Having Water, Foam & Dry Chemical Powder.	
7.	Procurement method	Open tendering.	
8.	Budget & source of fund	Own resources of BGFCL.	
9.	Tender selling schedule		
	a) Date & time	Tender documents will be available between 0900 hrs & 1500 hrs (BST) on all working days (Sunday to Thursday) from July 15, 2008 to August 19, 2008.	
	b) Place	BGFCL's Liaison Office at Road # 6, House # 75, Old DOHS, Banani, Dhaka-1213.	
	c) Price of tender document	Tender documents will be sold on payment (non-refundable) of BTK 5,000.00 (non-refundable).	
10.	Bid receiving and opening		
	a) Date & time	Bids will be received up to 1100 hrs (BST) on August 20, 2008 and will be opened on the same day at 1130 hrs (BST) in presence of the bidders' representatives if any.	
	b) Place	BGFCL's Liaison Office at Road # 6, House # 75, Old DOHS, Banani, Dhaka-1213. If it is not possible to receive/open the tender on the scheduled date for any unavoidable circumstances the same will be received/opened on the next working day at the same time and same place.	
11.	Eligibility of bidder	Reputed firms, manufacturers and suppliers from all countries except Israel with international experience in supplying similar materials are eligible to participate in the bidding.	
12.	Description of materials	Bid security amount	Delivery time
	Perkins engine spares	BTK 500,000.00 or USD 7,900.00 or EURO 5,800.00	180 days after opening of L/C
13.	Name of official inviting tender	M Nurul Absar.	
14.	Designation of official inviting tender	General Manager (Technical Services).	
15.	Address of official inviting tender	Bangladesh Gas Fields Co. Ltd. Head Office Birashar, Brahmanbaria-3400 Bangladesh Telephone No. 0851-58603. Fax 0851-58758/58429.	
16.	The procuring entity reserves the right to accept or reject any or all tenders.		

PRS-09/08/43(FP)
GD-3210

M Nurul Absar
General Manager (Technical Services)

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

রাজউক ভবন, ঢাকা

নিলাম বিজ্ঞপ্তি নং-বিজয় সরণি-০৪/২০০৭-২০০৮

এতদ্বারা রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন "বিজয় সরণি হতে পূর্ব দিকে তেজগাঁও শিল্প এলাকা পর্যন্ত সংযোগ সড়ক" শীর্ষক প্রকল্পের এলাইনমেন্টে ০৭/২০০৭-২০০৮ এর এল-এ কেসের মাধ্যমে অধিগ্রহণকৃত জমির উপরিস্থিত নিম্নবর্ণিত স্থাপনা/অবকাঠামো যেখানে যে অবস্থায় আছে নিলামে বিক্রয়ের জন্য সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা হচ্ছে।

গ্রুপ নং	নিলামযোগ্য স্থাপনার বিবরণ	নিলাম সিকিউরিটি (ফেরতযোগ্য)	সিডিউল মূল্য (অফেরতযোগ্য)	অপসারণের জন্য নির্ধারিত সময়
১.	দাগ নং-৩৪২৭, মৌজা-তেজগাঁও, থানা-তেজগাঁও, ঢাকা, (২৩৮ তেজকুনিপাড়া) এর উপরিস্থিত প্রতি তলায় ৯৬.৬৯ বর্গ মিটার ০৫ (পাঁচ) তলা (R.C.C. Foundation) অবকাঠামো যেখানে যে অবস্থায় আছে। অধিগ্রহণের পূর্বের মালিকঃ মনুরেজা আকন্দ।	টাঃ ৪৩,০০০/-	টাঃ ৫০০/-	৩০ দিন
২.	দাগ নং-২৮৪৯, মৌজা-তেজগাঁও, থানা-তেজগাঁও, ঢাকা, (১১৯/৬ তেজকুনিপাড়া) এর উপরিস্থিত প্রতি তলায় ১১৪.৭০ বর্গ মিটার ০৫ (পাঁচ) তলা (Brick Foundation) অবকাঠামো যেখানে যে অবস্থায় আছে। অধিগ্রহণের পূর্বের মালিকঃ মিসেস ফিরোজা খাতুন।	টাঃ ৪৪,০০০/-	টাঃ ৫০০/-	৩০ দিন
৩.	(ক) দাগ নং-৩৪৫৬, মৌজা-তেজগাঁও, থানা-তেজগাঁও, ঢাকা, (১৮৮/৩ তেজকুনিপাড়া) এর উপরিস্থিত ৯১.১৪ বর্গ মিটার (Semi-pacca Shed) অবকাঠামো (খ) দাগ নং-৩৪৫৬, মৌজা-তেজগাঁও, থানা-তেজগাঁও, ঢাকা, (১৮৮/১/২ তেজকুনিপাড়া) এর উপরিস্থিত প্রতি তলায় ৭৬.৭১ বর্গ মিটার ০২ (দুই) তলা (R.C.C. Foundation) অবকাঠামো ও (গ) দাগ নং-৩৪৫৬, মৌজা-তেজগাঁও, থানা-তেজগাঁও, ঢাকা, (১৮৮/১/২ তেজকুনিপাড়া) এর উপরিস্থিত ৬১.৯১ বর্গ মিটার পাকা বিল্ডিং এবং ৬৯.৮৫ বর্গ মিটার সেমি পাকা টিন সেড বিল্ডিং (One Storied Pacca & Semi-pacca Building) অবকাঠামো যেখানে যে অবস্থায় আছে। অধিগ্রহণের পূর্বের মালিকঃ ডাঃ আলতাফ উদ্দিন আহমেদ গং ও হাজী মোঃ মোস্তফা কামাল গং।	টাঃ ৩১,০০০/-	টাঃ ৫০০/-	৩০ দিন

খ) শর্তাবলীসহ নিলাম দরপত্র প্রাপ্তির স্থানঃ ম্যানেজার সোনালী/জনতা/অগ্রণী ব্যাংক, রাজউক ভবন শাখা, ঢাকা।
গ) নিলাম দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখঃ ২৩/০৭/২০০৮ইং।
ঘ) নিলাম দরপত্র গ্রহণের স্থানঃ সদস্য (উন্নয়ন/প্রশাসন ও ভূমি/পরিকল্পনা/এষ্টেট/অর্থ), প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বাস্তবায়ন/প্রকল্প ডিজাইন), প্রকল্প পরিচালক/ব্যবস্থাপক, বিজয় সরণি, তেজগাঁও সম্প্রসারণ প্রকল্প, রাজউক, ঢাকা।
ঙ) নিলাম দরপত্র গ্রহণের তারিখ ও সময়ঃ তারিখ-২৪/০৭/২০০৮ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত।
চ) নিলাম দরপত্র খোলার তারিখ, সময় ও স্থানঃ তারিখ-২৪/০৭/২০০৮, সময় ২ঃ৩০ ঘটিকা, স্থান-রাজউক সভাকক্ষে।
ছ) নিলাম দরদাতা/প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) রাজউক সভাকক্ষ (৪র্থ তলা), রাজউক ভবন, ঢাকায় খোলা হবে।
জ) রাজউক যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

মোঃ সফিকুল ইসলাম
চেয়ারম্যান
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা

জিডি-৩১৫১

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

জিরানী, সাভার, ঢাকা

স্মারক নং-বিকেএসপি/প্রশাসন-১/২৬৩/৪৫১

তারিখঃ ১৮ আষাঢ়, ১৪১৫ বাং
০২ জুলাই, ২০০৮ইং

দরপত্র বিজ্ঞপ্তি

বাংলাদেশ ক্রীড়া প্রতিষ্ঠান-এর রাজস্ব বাজেটের আওতায় অফিস স্টেশনারী দ্রব্য সরবরাহ-এর নিমিত্তে "পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮" মোতাবেক সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় অফিস স্টেশনারী দ্রব্য সরবরাহ কাজে অভিজ্ঞতাসম্পন্ন সংশ্লিষ্ট ১ম শ্রেণীর ঠিকাদার/সরবরাহকারী/প্রকৃত ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র ক্রয়ের জন্য নিম্নস্বাক্ষরকারীর নিকট হতে পূর্বানুমতি গ্রহণ করতে হবে। এজন্য ঠিকাদারকে আবেদনের সাথে ট্রেড লাইসেন্স, ব্যাংক ট্রানজেকশন স্টেটমেন্ট, অভিজ্ঞতার সনদ এবং আনুসংগিক কাগজপত্রাদির মূলকপি আবেদনপত্রের সাথে উপস্থাপন করতে হবে এবং সত্যায়িত কপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।

১।	মন্ত্রণালয়/বিভাগ	যুব ও ক্রীড়া।
২।	সংস্থা	বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)।
৩।	প্রকিউরিং এনটিটির/দপ্তরের নাম	মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)।
৪।	দরপত্র আহবানকারীর জেলার নাম	ঢাকা।
৫।	কাজের নাম	বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান-এর রাজস্ব বাজেটের আওতায় অফিস স্টেশনারী দ্রব্য সরবরাহ।
৬।	দরপত্রের নম্বর	বিকেএসপি/প্রশাসন-১/২৬৩/৪৫১, তারিখঃ ০২-০৭-২০০৮।
৭।	দরপত্রের পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি।
৮।	বাজেট ও তহবিলের উৎস	রাজস্ব (২০০৮-২০০৯)।
১০।	টেন্ডার প্যাকেজ নং	প্যাকেজ নং- 'এ'।
১১।	টেন্ডার প্যাকেজের নাম	প্যাকেজ এঃ বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান-এর রাজস্ব বাজেটের আওতায় অফিস স্টেশনারী দ্রব্য সরবরাহ।
১২।	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	৩০-০৭-২০০৮।
১৩।	দরপত্র দাখিল/বন্ধের তারিখ ও সময়	৩১-০৭-২০০৮ সময়ঃ বেলাঃ ১-০০ ঘটিকা।
১৪।	দরপত্র খোলার তারিখ ও সময়	৩১-০৭-২০০৮ সময়ঃ বেলাঃ ২-০০ ঘটিকা।
১৫।	দপ্তর/দপ্তরসমুহের নাম, ঠিকানা	
	ক) দরপত্র দলিল বিক্রির স্থান (প্রধান)	বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা।
	খ) দরপত্র দলিল বিক্রির স্থান (অন্যান্য)	-
	গ) দরপত্র দাখিলের স্থান/দপ্তরসমূহের নাম	বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা।
	ঘ) দরপত্র খোলার স্থান	বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা।
১৬।	দরদাতার যোগ্যতা	"পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮" অনুযায়ী বিগত ৩ (তিন) বৎসরে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে বিভিন্ন প্রকার অফিস স্টেশনারী দ্রব্য সরবরাহ কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
১৭।	কাজের বিস্তারিত বিবরণ	বাংলাদেশ ক্রীড়া প্রতিষ্ঠান-এর রাজস্ব বাজেটের আওতায় অফিস স্টেশনারী দ্রব্য সরবরাহ।

লট নং	প্যাকেজ পরিচিতি	অবস্থান	দরপত্র দলিলের অফেরতযোগ্য মূল্য (টাকা)	টেন্ডার সিকিউরিটি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে অত্র প্রতিষ্ঠানের পরিচালক (প্রশাসন ও অর্থ)-এর অনুকূলে (টাকা)	কাজের সময়সীমা
১	২	৩	৪	৫	৬
১	প্যাকেজ এঃ বাংলাদেশ ক্রীড়া প্রতিষ্ঠান-এর রাজস্ব বাজেটের আওতায় অফিস স্টেশনারী দ্রব্য সরবরাহ।	বিকেএসপি	১০০০/- (এক হাজার)	৫,২০০/-	৭ (সাত) দিন

১৮।	দরপত্র আহবানকারীর নাম	শাহ আশরাফ আলী।	
১৯।	দরপত্র আহবানকারীর পদবী	নির্বাহী প্রকৌশলী।	
২০।	দরপত্র আহবানকারীর ঠিকানা	বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা।	
২১।	দরপত্র আহবানকারীর বিস্তারিত যোগাযোগের ঠিকানা	টেলিফোনঃ ৭৭০১২১৫ ৭৭০১২১৬	ফ্যাক্স নংঃ ৭৭০১৫১৩
২২।	দরপত্রদাতা নিজে অথবা তার মনোনিত প্রতিনিধি দরপত্র ক্রয় করতে পারবেন।		
২৩।	দরপত্রের সাথে সনদপত্রাদির সত্যায়িত ফটোকপি অবশ্যই দাখিল করতে হবে, অন্যথায় দরপত্র খোলা হবে না।		
২৪।	দরপত্রের সাথে সংশ্লিষ্ট সকল তথ্যাদি পৃথক খামে দাখিল করতে হবে।		
২৫।	কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।		

শাহ আশরাফ আলী
নির্বাহী প্রকৌশলী
বিকেএসপি

জিডি-৩১৫৭